



রাজনৈতিক উদ্দেশ্যেই আমার বিরুদ্ধে মামলা করা হয়েছে: শিশির মনির



সংগৃহীত ছবি

সুপ্রিম কোর্টের আইনজীবী ও সুনামগঞ্জ-২ আসনের সম্ভাব্য প্রার্থী শিশির মনির দাবি করেছেন, একটি নির্দিষ্ট রাজনৈতিক লক্ষ্য অর্জন করতে তার বিরুদ্ধে পরিকল্পিতভাবে মামলা করা হয়েছে। তিনি বিষয়টিকে আইনের অপব্যবহার বলে উল্লেখ করেন।

সুপ্রিম কোর্টের আইনজীবী এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে সুনামগঞ্জ-২ আসনে জামায়াতে ইসলামীর সম্ভাব্য প্রার্থী শিশির মনির অভিযোগ করেছেন যে রাজনৈতিক উদ্দেশ্য পূরণের জন্য তার বিরুদ্ধে মামলা করা হয়েছে।

রোববার (৭ ডিসেম্বর) মামলা দায়েরের পর সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক প্রতিক্রিয়ায় তিনি জানান, ঢাকার মুখ্য মহানগর হাকিম আদালতে তার নামে যে মামলা হয়েছে, তার বাদী ও সাক্ষীরা ঢাকা আইনজীবী সমিতির সদস্য হলেও তারা সবাই একটি নির্দিষ্ট রাজনৈতিক দলের কর্মী বলে প্রাথমিকভাবে মনে হচ্ছে।

তিনি আরও বলেন, আইনের আশ্রয় নেওয়ার অধিকার সকলের থাকলেও মামলার অভিযোগপত্র দেখে বিষয়টিতে রাজনৈতিক উদ্দেশ্য স্পষ্ট হয়েছে। তার ভাষ্যে, “আইনের শাসনে আমাদের আস্থা আছে, আইন নিজস্ব নিয়মে চলবে। যথাসময়ে উপযুক্ত আদালতে আমরা প্রয়োজনীয় পদক্ষেপ নেব।”

এদিকে, ধর্ম অবমাননার অভিযোগে মামলার পর আদালত পুলিশের গোয়েন্দা শাখা ডিবিকে তদন্তের নির্দেশ দিয়েছে।